

**U.G. 2nd Semester Examination - 2021****BENGALI****[HONOURS]****Course Code : BBNGCCHT202****Course Title : ভাষাতত্ত্ব**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 1 = 10$ 

- ক) বাংলা ভাষার কোন্ ধ্বনিটি বাংলা বর্ণমালায় নেই?
- খ) বাংলা ভাষা পৃথিবীর কোন্ ভাষাবংশের অন্তর্গত?
- গ) 'মীরজাফর' কোন্ শব্দার্থ পরিবর্তনের উদাহরণ?
- ঘ) 'অরবিন্দ ঘোষ'-এর IPA তে লিপ্যন্তর করো।
- ঙ) অর্ধ তৎসম শব্দের দুটি দৃষ্টান্ত দাও।
- চ) 'ও' কী জাতীয় স্বরধ্বনি লেখো।
- ছ) পেচক > পেঁচা কী জাতীয় ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
- জ) উপভাষার সংজ্ঞা দাও।
- ঝ) জোড়কলম শব্দ কাকে বলে?

এও) বাংলা ভাষায় ব্যঞ্জনধ্বনির মোট সংখ্যা কয়টি?

ট) অর্ধস্বর কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

ঠ) প্রয়োজক ধাতু কাকে বলে? উদাহরণ দাও।

ড) নিত্যবৃত্ত বর্তমান কালের একটি উদাহরণ দাও।

ঢ) ভারতচন্দ্র রায়ের 'অন্নদামঙ্গল' কাব্যে বাংলা ভাষার কোন্ নিদর্শন পাওয়া যায়?

ণ) বাংলা ভাষায় ব্যবহৃত অস্তিক ভাষা বংশগত দুটি শব্দ উল্লেখ করো।

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$ 

ক) আগন্তুক শব্দের দৃষ্টান্ত দাও।

খ) ধ্বনি পরিবর্তনের প্রধান ধারাগুলির নাম লেখো।

গ) বাংলা ভাষায় দ্বিমাত্রিকতা বলতে কী বোঝ? একটি উদাহরণ দাও।

ঘ) ফুসফুস নিজে কোনো ধ্বনি উচ্চারণ না করলেও ফুসফুসকে বাগ্‌যন্ত্রের অন্তর্ভুক্ত করা হয়েছে কেন লেখো।

ঙ) সাধুভাষা কাকে বলে? ভাষার এরকম নামকরণের কারণটি বুঝিয়ে দাও।

চ) স্বরসঙ্গতির সংজ্ঞা দাও।

ছ) অর্থ সংশ্লেষ বা অর্থ সংক্রমণ কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দাও।

জ) শব্দ ও ধাতুর পার্থক্য কী? শব্দ বা ধাতু কীভাবে পদ হয়ে ওঠে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$

- ক) বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।
- খ) ধ্বনি পরিবর্তনের খারায় ধ্বনির আগমন বিষয়ে আলোচনা করো।
- গ) ক্রিয়ার প্রকার (Aspect) কাকে বলে? উদাহরণসহ ক্রিয়ার প্রকারগুলি আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$

- ক) বাংলা মৌলিক স্বরধ্বনির সচিত্র পরিচয় দাও।  $10$
- খ) প্রাচীন বাংলা ভাষার সময়কাল ও নিদর্শন উল্লেখ করে প্রাচীন বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো।  $2+8$
- গ) বাগ্যন্ত্রের গঠন ও কার্যপ্রণালী চিত্রসহ আলোচনা করো।  $10$